# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ১৫ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা |
| স্থান | : পৌরসভা মিলনায়তন |
| তারিখ | : ২৯/১২/২০২৫ খ্রি. |
| সময় | : বিকাল : ৩-০০ ঘটিকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-** সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রিফাত আরা বিগত ইং ২৬/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-** সভায় উপস্থিত জনাব মোছাঃ জেসমিন আরা খাতুন, জেলা শিক্ষা অফিসার (ভাঃ), চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ে গঠিত কমিটির অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভায় লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে এবং তিনি সভায় জানান নভেম্বর/২০২৫ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ১৩২টি এবং আয় হয়েছে ৩,৭৫,০৭৪/-টাকা। এছাড়াও ডিসেম্বর-২৫ মাসের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করা হয়। অতঃপর পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার স্বর্ণ ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স নবায়ন করার বিষয়ে লাইসেন্স পরিদর্শককে নির্দেশ দেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রিফাত আরা বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ের ক্ষেত্রে সন্তোষ প্রকাশ করেন এবং ট্রেড লাইসেন্স বকেয়া আদায়ের আরো তৎপর হওয়ার জন্য নির্দেশনা দেন। | বকেয়া ট্রেড লাইসেন্স আদায় ও স্বর্ণ ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স নবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-** সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন Local Government Covid-19 Response & recovery Project (LGCRRP) এ প্রকল্পের আওতায় চলমান কাজগুলোর গুণগতমান বজায় রেখে বাস্তবায়ন করা হচ্ছে ইতোমধ্যে ১০০% কাজ সমাপ্ত হয়েছে। পৌরসভার পাশে ড্রেনের উপর স্লাব ও কবরী রোডের মাথায় ভাঙ্গা স্লাবটি সংস্কার করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক উক্ত কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। RUTDP প্রকল্পের কাজ ইতোমধ্যে ৫% সম্পন্ন রয়েছে।<br>সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান নভেম্বর' ২০২৫ মাসে নক্সা অনুমোদন হয়েছে ০০টি ও দাখিল হয়েছে ১৪টি। নভেম্বর'২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ২,৭৬,৭৮৫/-টাকা।<br>পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন নভেম্বর ২০২৫ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ২২টি এবং আয় হয়েছে ৬৬,০০০/-টাকা। | চলমান কাজের গুণগত মান বজায় রেখে বাস্তবায়ন করা ও পৌর এলাকার মধ্যে যে সকল পোলে সড়কবাতি নেই সে সকল পোলে সড়কবাতি স্থাপনের জন্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিদ্যুৎ শাখা: সভায় উপস্থিত সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমান বলেন নভেম্বর/২০২৫ মাসে ১৫ ওয়াট এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে ৩৪৮টি, ৩০ ওয়াট এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে ৪০টি ও ৫০ ওয়াট ফ্লাড লাইট স্থাপন করা হয়েছে ০৬টি, সর্বমোট ৩৯৪টি।<br><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক পৌর এলাকার মধ্যে যে সকল পোলে সড়কবাতি নেই সে সকল পোলে সড়কবাতি স্থাপনের জন্য সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমানকে নির্দেশনা দেন। | | |
| ০৪ | <u>পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার, নভেম্বর ২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, নভেম্বর/২৫ মাসে পানি শাখার গত মাসের জের ২,৭৫,০৮৪/- টাকা এবং চলতি আয় ২০,৪৮,৫১৩/- টাকা। সর্বমোট আয় হয়েছে ২৩,২৩,৫৯৭/- টাকা ও চলতি মাসে ব্যয় হয়েছে ২০,৯২,৫০৫/- টাকা উদ্বৃত্ত জের ২,৩১,০৯২/- টাকা এবং রাজস্ব খাতের গত মাসের জের ২৩,৫৩,৭৮৯/- টাকা এবং চলতি মাসের আয় ৫৩,৫৯,১৪৪/-টাকা, অন্যান্য আয় ২,৮৪,০০,০০০/-সর্বমোট আয় ৩,৬১,১২,৯৩৩/-টাকা ও চলতি মাসে রাজস্ব খাতের মোট ব্যয় ৬১,৬৪,৮৬০/-টাকা উদ্বৃত্ত জের ২,৯৯,৪৮,০৭৩/-টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | <u>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রিফাত আরা চলতি অর্থ বছরের পৌরকরের দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, মোট দাবী ৮,৩৯,১৯,৯২৮/-টাকা এবং নভেম্বর/২৫ মাসে বকেয়া আদায় ১০,১৬,৮২৪.০০ টাকা এবং হাল আদায় হয়েছে ৩০,৩৫,৯৫১.০০ টাকা সর্বমোট আদায় হয়েছে ৪০,৫২,৭৭৫.০০ টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা দেন। | বকেয়া পৌর আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ায় সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর/কর শাখা |
| ০৬ | <u>স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত জনাব অহীন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান সভায় জানান নভেম্বর'২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৫০৯টি তন্মধ্যে পুরুষ ২৫২জন ও নারী ২৫৭ জন এবং এক বছরের নীচে ৯৯টি। মৃত্যু নিবন্ধন হয়েছে ৪৬টি তন্মধ্যে পুরুষ ৩০ জন ও নারী ১৬ জন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন এবং এতদুদ্দেশ্যে গঠিত কমিটির মাধ্যমে আদায় কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা দেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার |
| ০৭ | <u>ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা ও পরিবেশ সম্পর্কিত আলোচনা:-</u><br>ক) সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন স্যানিটেশন কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) নভেম্বর-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ২০০টি, ছাগল ৭৫৭টি। তিনি আরো জানান পরিবেশগত ছাড়পত্র/অনাপত্তিপত্র পাইবার জন্য ইতিমধ্যে ০২টি আবেদন জমা পড়েছে। সেক্ষেত্রে অনাপত্তিপত্র প্রদানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র ও জমির মালিকানা সংক্রান্ত তপশিল পরিচয় সংযুক্ত করতে হয়। এছাড়াও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (শাখা-৬), ইং ১০/০৮/৮৮ তারিখের শাখা-৬/এম-৫৪/৮৬/৩২২(৯০) নং স্মারক পত্রে পৌর এলাকায় করাত মিল(স'মিল)/স্থানান্তর করার আদেশ আছে। | স্যানিটেশন কার্যক্রম আরো গতিশীল করা ও পরিবেশগত ছাড়পত্র/অনাপত্তিপত্র পাইবার ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র ও জমির মালিকানা সংক্রান্ত তপশিল পরিচয় সংযুক্ত করাসহ এ সংক্রান্ত বিধি/পরিপত্রের নির্দেশনা সহ সেনেটারী ইন্সপেক্টর সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় হয়। | সেনেটারী ইন্সপেক্টর |

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৮ | **খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনা:-**<br><br>খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন নভেম্বর/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরণঃ-বিসিজি-২৬১টি, পেন্টা-১, ২৫২টি, পেন্টা-২, ২৩২টি, পেন্টা-৩, ১৫৬টি, পোলিও-১, ২৫২টি, পোলিও-২, ২৩২টি, পোলিও-৩, ১৫৬টি, পিসিভি-১, ২৫২টি, পিসিভি-২, ২৩২টি, পিসিভি-৩, ১৫৬টি, এম আর-১, ১৪৯টি, এম আর-২, ৩০৩টি, আইপিভি-১, ২৫২টি, আইপিভি-২, ১৫৬টি, টিডি-১, ১২৪টি, টিডি-২, ১১৮টি, টিডি-৩, ১০২টি, টিডি-৪, ৭৪টি, টিডি-৫, ১২৮টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার জন্য টিকাদান সুপাইভাইজার জনাব মোঃ আলী হোসেনকে নির্দেশনা দেন। | টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | **গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:**<br><br>সভায় উপস্থিত জনাব মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক কৃষিস্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন নদী রক্ষার ক্ষেত্রে ময়লা আবর্জনা যাতে সরাসরি নদীতে না পড়ে এজন্য পৌর এলাকার ড্রেনের আউটফলের মুখে নেট দেওয়ার জন্য বলেন তৎপ্রেক্ষিতে পৌর প্রশাসক বলেন যে, ইতোমধ্যে মাথাভাঙ্গা নদীর পানির সাথে প্লাষ্টিক ও অন্যান্য অপচনশীল দ্রব্য ফেলে যেনো নদীতে সরাসরি না যায় সে জন্য ড্রেনের আউটফলে নেট দেওয়া রয়েছে। তবে যে আউটফলের নেটগুলো নষ্ট হয়ে আছে জরুরী ভিত্তিতে তা সংস্কার পূর্বক প্রতিস্থাপনের জন্য কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশনা দেন। এছাড়া ড্রেনের সাথে সরাসরি ড্রেনের পায়খানার সংযোগ দেওয়া আছে সেগুলো বিচ্ছিন্ন করার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার সদর হাসপাতাল সপ্তাহে ০২দিন পরিস্কার করার জন্য কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমানকে নির্দেশ দেন।<br>মহান বিজয় দিবস-২০২৫ অনুষ্ঠানের সঠিক ভাবে বাস্তাবায়ন করায় দায়িত্বরত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক) সদর হাসপাতাল সপ্তাহে ০২দিন পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) ড্রেনের আউটফলে নেট স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) পানির ড্রেনের সাথে পয়ঃনিস্কাশনের ড্রেনের সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ/কঞ্জারভেন্সী শাখা |
| ০৯ | **পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:**<br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে নভেম্বর/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ০৮টা, পুনঃ সংযোগ ০২টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০০টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০১টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে জুন/২৬ পর্যন্ত মোট দাবী = ২,৯৯,৫৯,৬০০/-টাকা। নভেম্বর'২০২৫ইং পর্যন্ত মোট আদায় হয়েছে=১,১১,৭৩,৫৭০/-টাকা, বকেয়া দাবী=৪৯,২৭,২৩৭/-টাকা, নভেম্বর'২০২৫ মাসে বকেয়া সহ আদায়=২১,৪১,৫৯৯/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫২৪৬টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৯৭২ (কর্তন ১২০৫) মোট মটর গ্রাহক সংখ্যা ৯৪২ টা। পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন। তিনি আরো বলেন পানির গ্রাহকদের মধ্যে যারা দীর্ঘদিন পানির বিল পরিশোধ করছেন না তাদের তালিকা প্রস্তুত পূর্বক বকেয়া ফি আদায়ের পরামর্শ দেন এবং আগামী সভায় তালিকা অনুযায়ী কত আদায় হয়েছে তা সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম গতিশীল করা পানি শাখার আয় বৃদ্ধির জন্য কর্মরত সবাইকে আরো দায়িত্বশীল হওয়া এবং আইনের ধারার বিধান মতে পানি সংযোগ ফি ৫০/- টাকা বৃদ্ধি করার লক্ষ্যে পরবর্তি টিএলসিসি'র সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন ও পৌর এলাকার মধ্যে নতুন ০৪টি পানির পাম্প পাওয়ার জন্য প্রস্তাব জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিবিধ-১<br>কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া পিএফ পরিশোধ সংক্রান্ত আলোচনা:<br>পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা সমন্বয় কমিটির ১৩ তম মাসিক সভার কার্যবিবরনীর বিবিধ-২ নং কলামের মাধ্যমে পৌর নির্বাহী কর্মকর্তাকে আহব্বায়ক করে প্রতিবেদন প্রদানের জন্য তিন (০৩) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি গত ২৫-১১-২০২৫ তারিখে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি হওয়ায় বর্ণিত তারিখে চুয়াডাঙ্গা পৌরসভার রাজস্ব আয় ২,৫৩,১৭,৯৬১/-(দুই কোটি তিপ্পান্ন লক্ষ সতের হাজার নয়শত একষট্টি) রয়েছে মর্মে জানান। উল্লেখ্য যে, স্থানীয় সরকার বিভাগের পৌর-২ শাখার ১৪-১০-২০২৪ তারিখের (৯৫৪) নং স্মারকে সকল পৌর কর্মকর্তা-কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল ও আনুতোষিক পরিশোধ করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার নির্দেশনা দেওয়া হয়েছে। সার্বিক বিবেচনায় বর্ণিত কমিটির সুপারিশ ও পৌর পরিষদের সর্বসম্মতি সিদ্ধান্তের ভিত্তিতে পৌরসভায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীগণের বকেয়া পিএফ এর অর্থ বাবদ সাধারণ শাখার কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৭৯,১৯,৯৩৬/-(উনআশি লক্ষ উনিশ হাজার নয়শত ছত্রিশ) টাকা এবং পানি সরবরাহ শাখার কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৫১,১৯,২৫৮/-(একান্ন লক্ষ উনিশ হাজার দুইশত আটান্ন) টাকা প্রদানের অনুমতি দেয়া হয়। সভায় উপস্থিত সকল সদস্য বকেয়া পিএফ পরিশোধ করার জন্য প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জানান। | কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া পিএফ (প্রভিডেন্ট ফান্ড) বাবদ ১,৩০,৩৯,১৯৪/- (এক কোটি ত্রিশ লক্ষ উনচল্লিশ হাজার একশত চুরানব্বই) টাকা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| | বিবিধ-২<br>ব্যাংক হিসাবের টাকা স্থানান্তর করা প্রসঙ্গে আলোচনা:<br>সভায় উপস্থিত হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম বলেন সোনালী ব্যাংক চুয়াডাঙ্গা শাখায় ৩১ অক্টোবর/২০০৯ সনে পৌরসভার ২টি হিসাব খোলা ছিল। হিসাব নম্বর ৩১০২১৩৬০০০৫৫১-তে ১৮,৩৪০.৫৬ টাকা এবং ৩১০২১৩৬০০০৫৪৩-তে ১২,০৪৯.৭০ টাকা স্থিতি আছে। বর্তমানে উক্ত হিসাব ২টিতে কোন লেন-দেন না হওয়ায় হিসাব ২টি বন্ধ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক সিদ্ধান্ত গৃহিত হয়। | সোনালী ব্যাংক চুয়াডাঙ্গা শাখায় ৩১ অক্টোবর/২০০৯ সনে পৌরসভার ২টি হিসাব বন্ধ করাসহ জমাকৃত টাকা সোনালী ব্যাংকে রাজস্ব মূল হিসাব ৩৩০০০৭৮৫৫ তে স্থানান্তর করার বিষয়ে সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা |
| | বিবিধ-৩<br>**পৌরসভা কর্তৃক সকল সনদ প্রদান বিষয়ে আলোচনা:**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জানান পৌরসভা কর্তৃক বিভিন্ন সনদে বিশেষ করে জন্ম নিবন্ধনে দৈততা দেখা দেয়ায় সকল জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে সেনেটারী ইন্সপেক্টর ও পৌর প্রশাসকের স্বাক্ষরে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও নতুন পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কাজী শরিফুল ইসলাম দায়িত্ব গ্রহন করায় অন্যান্য সনদ প্রদানের জন্য পৌরসভা কার্যবিধি মালা-২০১২ এর ৭ এ বর্ণিত মেয়র/প্রশাসক কর্তৃক ক্ষমতা-অর্পন পরিষদের অনুমোদন সাপেক্ষে, পৌর নির্বাহী কর্মকর্তাকে অন্যান্য সনদ সমূহ স্বাক্ষর করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | (ক) পৌর নির্বাহী কর্মকতা কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ বাদে অন্যান্য সনদ স্বাক্ষর করার ক্ষমতা অর্পণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>(খ) জন্ম ও মৃত্যু নিবন্ধ সদন পৌর প্রশাসক ও সেনেটারী ইন্সপেক্টর কর্তৃক স্বাক্ষর করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা |
| | বিবিধ-৪<br>পৌরসভা কর্তৃক এক্সকেভেটর এর ভাড়া বিষয়ে আলোচনা:<br>সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার এক্সকেভেটর ভাড়া দেওয়া হলে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি পাবে মর্মে সভায় প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার এক্সকেভেটর ভাড়ার বিষয়ে প্রতিদিন ৫০০০/-(পাঁচ হজার) টাকা সহ মূল ভাড়ার উপর ভ্যাট ও আয়কর নির্ধারণ পূর্বক সভায় অবগত করলে উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষন করেন। | এক্সকেভেটর ভাড়া প্রতিদিন ৫০০০/-(পাঁচ হজার)টাকা সহ মূল ভাড়ার উপর ভ্যাট ও আইটি নির্ধারণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী/স্টোর কিপার |
| | বিবিধ-৫<br>এডিবির জমাকৃত অর্থ ইউসিবি ব্যাংক হতে সোনালী ব্যাংকে স্থানান্তরিত করার বিষয়ে আলোচনা:<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার এডিবির জমাকৃত অর্থ ইউসিবি ব্যাংক হতে সোনালী ব্যাংকে স্থানান্তরের বিষয়ে আলোচনা করেন। আলোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষন করেন। | এডিবির জমাকৃত অর্থ ইউসিবি ব্যাংক হতে সোনালী ব্যাংকে স্থানান্তরিত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |

[illegible] কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৪/০১/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৬/০৬ (১৪) তারিখঃ ০৪/০১/২০২৬ খ্রি.

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা।
৬। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।
৭-১৪। জনাব.........................................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

০৪/০১/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা